গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১,০০০০.০০০.০৪৯.৯৯.০০১০.২৬.৭৭২ তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ / ৩০ আগস্ট ২০২৬

বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরের প্রথম কিস্তির নির্ভুল পে-রোল প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের উপকারভোগীর MFS হিসাব এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে G2P পদ্ধতিতে ভাতা ও উপবৃত্তির অর্থ প্রেরণ করা হচ্ছে। সঠিক উপকারভোগীদের নিকট ভাতা ও উপবৃত্তির অর্থ নির্ভুলভাবে প্রেরণের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের ১ম কিস্তির অর্থ প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার কর্তৃক নির্ভুল পে-রোল প্রেরণ করা আবশ্যক।

২। তাঁর আওতাধীন বিভিন্ন উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় থেকে ১ম কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই আবেদনকৃত উপকারভোগীর হিসাব নম্বর MIS সংশোধন করা অত্যাবশ্যক। তাছাড়া লাইভ ভেরিফিকেশনে যে সকল উপকারভোগীর মৃত্যুর তথ্য পাওয়া গিয়েছে, নীতিমালা মোতাবেক তাদের প্রতিস্থাপন আবশ্যক। উল্লেখ্য, যারা মৃত্যুবরণ করেছেন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তাদের মৃত্যুর সঠিক তথ্য স্ব স্ব দপ্তরে সংরক্ষণ করতে হবে।

৩। বর্ণিতাবস্থায়, তাঁর আওতাধীন উপজেলা/ শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক ০১-১৫ সেপ্টেম্বর ২০২৬ এর মধ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের ১ম কিস্তির নির্ভুল পে-রোল (কেবলমাত্র যাচাইকৃত) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ২০২৫-২০২৬ অর্থবছরে যে সকল উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়ে বরাদ্দ অনুযায়ী প্রতিবন্ধী ভাতার আবেদন না পাওয়ায় শতভাগ প্রতিবন্ধী ভাতা প্রদান করা সম্ভব হয়নি, সে সকল উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়কে ২০২৬-২০২৭ অর্থবছরের আবেদন হতে নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে অনুমোদন করে ১ম কিস্তির সাথে পে-রোল প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৪.০৮.২০২৬
(মোঃ মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
ফোন: ০২-৪৪৮২৬৮০১

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

অনুলিপি: জ্ঞাতার্থ ও কার্যার্থ:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা (তাঁকে পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল),......................।
৭. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় (সকল) ,...................।